বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)

নৈতিকতা কমিটি

বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার-এর অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আব্দুস সুলতান ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
সভার তারিখ	০৪ ডিসেম্বর ২০২৩
সভার সময়	১০:০০ ঘটিকা।
স্থান	অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom
উপস্থিতি	রেকর্ডেড (Screenshot সংযুক্ত)।

গত ০৪ ডিসেম্বর ২০২৩ তারিখ সোমবার ১০.০০ ঘটিকায় বিজিএফসিএল এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর)-এর অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভা কমিটির সভাপতি জনাব মোঃ আবদুস সুলতান, ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল এর সভাপতিত্বে অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম Zoom এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

সভায় বিজিএফসিএল এর অংশঅজন হিসেবে পেট্রোবাংলার অধিনস্ত কোম্পানির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়া উক্ত সভায় বিজিএফসিএল এর মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকগণ এবং বিজিএফসিএল এর APA, RTI, GRS এবং সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্টগণ অংশগগ্রহণ করেন। বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ও জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন নির্দেশিকার আলোকে সভায় শুদ্ধাচার কৌশল ছাড়াও সিটিজেন চার্টার (CC), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এবং তথ্য অধিকার (RTI) বিষয়ে আলোচনা করা হয়।

সভাপতি অনলাইন কনফারেন্সে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কোম্পানির ২০২৩-২০২৪ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনাসহ সংশ্লিষ্ট বিষয়াবলীর উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য কোম্পানির নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব আবদুর রাজ্জাক খান, উপমহাব্যবস্থাপক (ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স)-কে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে বিজিএফসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট অংশগ্রহণকারী সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে ২০২৩-২০২৪ অর্থ-বছরের ২য় কোয়ার্টার এর শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন এবং এর উপর সকলের সুচিন্তিত মতামত/পরামর্শ কামনা করেন।

ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল :
বিজিএফসিএল এর সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট, জনাব মোঃ আমান উল্লাহ বাহার, উপমহাব্যবস্থাপক(আইসিটি) জানান গাইড লাইন অনুযায়ী সিটিজেন চার্টার বিষয়ক কার্যক্রম অব্যাহত আছে। সেবা বিষয়ে কোন পরিবর্তন আসলে কমিটি কর্তৃক ৩ মাস অন্তর তা হালনাগাদ করা হচ্ছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তাবায়নপূর্বক প্রমাণকসহ নিয়মিত প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হচ্ছে।

ফোকাল পয়েন্ট, জিআরএস, বিজিএফসিএল :
বিজিএফসিএল এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ক ফোকাল পয়েন্ট তথা অভিযোগ নিস্পন্নকারী কর্মকর্তা (অনিক) জনাব মোহাম্মদ মনিরুজ্জামান খান, উপমহাব্যবস্থাপক(বোর্ড) জানান, বর্তমান কোয়ার্টারে কোন অভিযোগ জমা পরেনি। তিনি আরো জানান, GRS সংক্রান্ত মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদনগুলো নিয়মিত পেট্রোবাংলায় প্রেরণ করা

হচ্ছে। তিনি GRS সফটওয়্যার নিয়েও কথা বলেন এবং কোম্পানির সেবা নিয়ে কোন অভিযোগ থাকলে তা জানানোর জন্য সকলের প্রতি আহবান জানান।

বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই, বিজিএফসিএল :

বিজিএফসিএল এর তথ্য অধিকার (RTI) এর বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ জোয়াদ আলী, উপমহাব্যবস্থাপক(স্থানীয় সংগ্রহ) জানান, স্বপ্রনোদিতভাবে তথ্য অধিকার সংক্রান্ত হালনাগাদ প্রকাশযোগ্য তথ্য কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া তিনি তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা করেন। তিনি কোন তথ্যের প্রয়োজনে তথ্য অধিকার আইন অনযায়ী আবেদন করার জন্য সকলের প্রতি আহবান জানান।

অংশীজন :

সিলেট গ্যাস ফিল্ডস্ লিমিটেড (এসজিএফএল) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট বিজিএফসিএল এবং এসজিএফএল-এর মধ্যে আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক রয়েছে মর্মে সভায় উল্লেখ করেন। তিনি বলেন, এ দুই কোম্পানির মধ্যে পারস্পরিক যোগাযোগ, তথ্য আদান-প্রদান ও সহযোগিতা বিদ্যমান থাকায় উভয় কোম্পানি উপকৃত হচ্ছে। তিনি বলেন বিজিএফএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বিষয়ক কর্মপরিকল্পনা যথাযথ হয়েছে এবং এটির শতভাগ বাস্তবায়নে নৈতিকতা কমিটি সফল হবে বলে আশাবাদী। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল)) এর শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট বিজিএফসিএল এবং জেজিটিডিএসএল-এর মধ্যকার আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের বিষয়টি উল্লেখ করেন এবং নৈতিকতা কমিটির সফলতা কামনা করেন। এরপর পর্যায়ক্রমে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল), মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল), তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (টিজিটিডিসিএল), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিটিসিএল) এবং গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। পেট্রোবাংলার কোম্পানিসমূহ পারস্পরিক সহযোগিতা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে শুদ্ধাচার কার্যক্রমকে আরো গতিশীল করবে, আলোচনায় সকলে এই প্রত্যয় ব্যক্ত করেন এবং বিজিএফসিএল এর অংশীজন (Stakeholder) এর অংশগ্রহণে সভার সফলতা কামনা করেন।

সভাপতি সমাপনী বক্তব্য :

সভাপতি পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রতিনিধিদেরকে ধৈর্য্য ধরে সংযুক্ত থাকার জন্যধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং তাদর সুচিন্তিত মতামত/পরামর্শ বিজিএফসিএল-এর শুদ্ধাচার কার্যক্রমকে আরো সমৃদ্ধ করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে সভাপতি সকলকে আবারো আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-১২-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি,
বিজিএফসিএল।

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.১০.১২১৩.৭১৬.১৪.০০৩.২২.৫৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নৈতিকতা কমিটি, বিজিএফসিএল;
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল, পেট্রোবাংলা;
৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিজিএফসিএল;
৪। উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি, বিজিএফসিএল;
৫। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বিজিএফসিএল এবং
৬। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ) ও বিকল্প ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার, বিজিএফসিএল।

১৪-১২-২০২৩
আবদুর রাজ্জাক খান
উপ-মহাব্যবস্থাপক (ইএমটি) ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।